## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুলী বিশ্বাস, প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৯/০১/২০২৫ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ১৯/১২/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা পরিষদ কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪.৪৭৬ স্মারকে বরাদ্দ পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রে ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা কমপ্লেক্সর অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাংলো ও সুরক্ষা প্রাচীর মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরের পূর্ব পার্শ্বের সীমানা প্রাচীর নির্মাণ, উপজেলা পরিষদের অভ্যন্তরে অফিসার্স ক্লাব ও শিশু পার্ক উন্নয়ন, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও উন্নয়ন, উপজেলা পরিষদ সভাকক্ষ ও হলরুম সংস্কার ও উন্নয়ন কাজের জন্য বরাদ্দ পত্রের আলোকে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এতদ্ বিষয়ে সভার সকলের বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত প্রাক্কলনের ভিত্তিতে নিম্ন বর্ণিত প্রকল্প সমূহের কাজ কোটেশনের মাধ্যেমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাংলো ও সুরক্ষা প্রাচীর মেরামত</td><td>৭,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরের পূর্ব পার্শ্বের সীমানা প্রাচীর নির্মাণ</td><td>১০,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা পরিষদের হলরুম সংস্কার</td><td>৫,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা পরিষদের সভাকক্ষ সংস্কার ও উন্নয়ন</td><td>৬,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও উন্নয়ন</td><td>৭,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>৬.</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে অফিসার্স ক্লাব উন্নয়ন (২য় তলা)</td><td>২,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশু পার্ক উন্নয়ন</td><td>৩,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
</table>
</td><td>(ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪.৪৭৬ স্মারকে বরাদ্দ পত্রের আলোকে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলনটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td><td>প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৯ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২(অংশ)- ৮৮৩ নং স্মারকে অফিস আদেশ পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ত) নং অনুচ্ছেদের নির্দেশনার অনুসরণ পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে একজন মালি ও একজন সুইপার এর প্রত্যকেই</td><td>(খ) সভার সকলের মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদের মালির ২ বছর অতিবাহিত হওয়ায় তাদেরকে (দক্ষ মালি) হিসেবে দৈনিক ভাতা ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে দৈনিক ভিত্তিতে মজুরী পরিশোধের সিদ্ধান্ত</td><td></td></tr>
</table>



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | দৈনিক ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা (দক্ষ মালি ও সুইপার) দৈনিক ভাতা দেয়ার নির্দেশনা রয়েছে। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কর্মরত জনাব ভবসিন্ধু রায়, মালির ২ বছর অতিক্রান্ত হওয়ায় মালি আবেদনের প্রেক্ষিতে (দক্ষ মালি) হিসেবে দৈনিক ভাতা ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা হারে প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(গ) চেয়ারম্যান, আমাদী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান আমাদী ইউনিয়নের হাতিয়ার ডাংগা আরএন্ড এইচ রোড হতে সুব্রত সানার দোকান অভিমুখে রাস্তাটি ঘুর্নিঝড় আঘাতে ক্ষতিগ্রস্থ হওয়ায় জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। উক্ত ইটের সোলিং রাস্তার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ হয় তিনি রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষন করেন। সভার সকলের মতামতে ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,৯৫,০০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ সভায় পেশ করেন। উক্ত কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন।<br><br>(ঘ) চেয়ারম্যান, মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান মহেশ্বরীপুর ইউনিয়নের জাবব্ব গাজীর বাড়ি হতে সবুর গাজীর বাড়ি অভিমুখে রাস্তাটি জরাজীর্ণ হওয়ায় জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে। উক্ত ইটের সোলিং রাস্তার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ হয় তিনি রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন। সভায় সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন। সভার সকলের মতামতে ভিত্তিতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার উক্ত কাজটি বাস্তবায়নের জন্য ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ সভায় পেশ করেন। উক্ত কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | গৃহীত হয়।<br><br>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে হাতিয়ার ডাংগা আরএন্ড এইচ রোড হতে সুব্রত সানার দোকান অভিমুখে রাস্তাটির সংস্কার কাজটি উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত ৪,৯৫,০০০/- (চার লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে মহেশ্বরীপুর ইউনিয়নের জাবব্ব গাজীর বাড়ি হতে সবুর গাজীর বাড়ি অভিমুখে রাস্তাটির সংস্কার কাজটি উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনার নিকট হতে প্রাপ্ত ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রাক্কলণ এবং কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান গিলাবাড়ি খেয়াঘাটের ইজারা দরপত্র স্থগিতের জন্য মহামান্য হাইকোর্টে জনৈক জনাব মোঃ মিজানুর রহমান কর্তৃক দাখিলকৃত ২৩১৮/২০২৪ নং রিটের আদেশের আলোকে উক্ত খেয়াঘাটের ইজারা প্রদান কার্যক্রম ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করায় ইজারা প্রদানের বিষয়ে সভায় পেশ করেন। সভার সকলে মহামান্য হাইকোর্টের ২৩১৮/২০২৪ নং রিটের আদেশের ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ থাকায় ইজারা প্রদান স্থগিত রাখার জন্য মতামত প্রদান করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে মহামান্য হাইকোর্টের ২৩১৮/২০২৪ নং রিটের আদেশের ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ থাকায় গিলাবাড়ী খেয়াঘাটের ইজারা প্রদান স্থগিত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনার সভায় ডিসেম্বর/২০২৪ মাসের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>১) কৃত্রিম প্রজনন:<br>ক) হিমায়িত সিমেন দ্বারা: ২৯০<br>খ) সংকর জাতের বাছুরের তথ্য: ১৬০<br>২) চিকিৎসা:<br>ক) গবাদি পশু: ১৬৭০<br>খ) হাঁস-মুরগি: ৭৭৯২ | -- | -- |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ) টিকা প্রদান<br>ক) গবাদি পশু: ০০<br>খ) হাঁস-মুরগি: ০০<br>তিনি আরও জানান উপজেলা ব্যাপি বিনামূল্যে ৫৩,০০০ ছাগল ও ভেড়ার পিপিআর ভ্যাক্সিনেশন করা হয়েছে। | | |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৭. | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৬ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,৩৪,০৫০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ২,২৬,৭৪০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭৩,৪১২/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ৭১,৩২০/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ৭৫ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের ঋণ আদায় সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা ডিসেম্বর/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন (নিচের সারণি দেখুন)। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

(১৭ নং ক্রমিকের সারণি)

| কর্মসূচির নাম | বিতরণ | অর্জন | মাঠে বকেয়া | | |
|---|---|---|---|---|---|
| | | | চলতি | মেয়াদ উত্তীর্ণ | মোট |
| মূল/কর্মসূচি/ আবর্তক | ৬৯.২৬ | ৯৫.০০ | ৭৯.০৬ | ১৪.৪০ | ৯৩.৭৬ |
| সমন্বিক | ৭৯.৫০ | ১০৫.০০ | ৫০.৪৮ | ৪৭.১২ | ৯৭.৬০ |
| পল্লী প্রগতি কর্মসূচি | ৩৯.০০ | ৫০.০০ | ৫৪.৮৭ | ৪.৪২ | ৫৯.২৯ |
| বীর মুক্তিযোদ্ধা | ৫.৩৮ | ৩.০০ | ১.৭৮ | ২.৬৪ | ৪.৪২ |
| ইরেসপো | ২৫৬.০০ | ৪০০.০০ | ২৩৯.৪৪ | ৩৮.৮১ | ২৭৮.২৫ |
| এসএমই | ২৬.০০ | ২৬.০০ | ৭১.৬০ | ০ | ১৭.৬০ |
| আশ্রয়ণ | ৩৪.৫০ | ৯.৫০ | ৯.২৮ | ০ | ৯.২৮ |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্ণিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্র নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯০/- |
| ০২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯০/- |
| ০৩. | উপজেলা পরিষদ মালীর ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,৫০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ সুইপারের ডিসেম্বর/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,৫৫০/- |
| ০৫. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপগাড়ীর ডিসেম্বর/২০২৪ মাসে জীপ গাড়ীর টায়ার ক্রয় কাজের ব্যয় বিল। | ২৫,০০০/- |
| ০৬. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপগাড়ীর ডিসেম্বর/২০২৪ মাসের জ্বালানী তেলের বিল। | ২১,২৬৩/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

রুলী বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)



CamScanner

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নং ৪৬.৪৪.[illegible] তারিখঃ [illegible] খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৫। উপজেলা......................................................অফিসার, কয়রা, খুলনা।
০৬। চেয়ারম্যান......................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
০৭। জনাব ..................................................................., কয়রা, খুলনা।

[illegible]
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ [illegible] (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd